দৈনিক
ইনকিলাব

তারিখ... 11 FEB 2015
পৃষ্ঠা ... [illegible] কলাম ... [illegible]

# নজরুল বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের অনির্দিষ্টকালের ধর্মঘট শুরু

ময়মনসিংহ আঞ্চলিক অফিস : ময়মনসিংহ ত্রিশালের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে আজ বুধবার থেকে অনির্দিষ্টকালের ধর্মঘট ডেকেছে বিশ্ববিদ্যালয় ছাত্রদল। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয় ছাত্রদল সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এমন দাবি করা হয়। বিবৃতিতে উল্লেখ করা হয়, বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সভাপতি শাহাবুল আলম ও তার বড় ভাই মাহাবুল আলমসহ ৪০ জনের নামে দায়েরকৃত একাধিক মামলা প্রত্যাহার এবং বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক সাদেকুল ইসলাম সাদেকের মুক্তি দাবিতে আজ থেকে অনির্দিষ্টকালের এ ধর্মঘট ডাকা হয়েছে। ধর্মঘট চলাকালে এ সংগঠনটির পক্ষ থেকে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয়ে ক্লাস-পরীক্ষা বন্ধ রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আহ্বান জানানো হয়।